

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২১.০২৬.২৪ নথির বিষয়: Supply of IP Camera for remote monitoring of DND canal area. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Supply of IP Camera for remote monitoring of DND canal area. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৫/৯/২৪ ৫:৩৭ অপরাহ্ন

অনুগ্রহ পূর্বক সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৭ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৬০ কিলোমিটার ডিএনডি খাল রয়েছে। ডিএনডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র”ওয়াটার ডিএনডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ২ এর আওতাধীন সারুলিয়া বাজার হতে মুধাবাড়ী পর্যন্ত বিস্তৃত ৪.৮ কিঃমিঃ দীর্ঘ ডিএনডি খালের চারটি স্থানে ০৪ (চার) টি এরেশন জোন আছে। ডিএনডি খালে অবস্থিত চারটি এরেশন জোনের স্থাপনা সমূহে মূল্যবান মালামাল যেমন-কন্ট্রোল রুম, কন্ট্রোল রুম এর ভিতরে স্থাপিত যাবতীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি, রুফ টপ এ স্থাপিত সোলার প্যানেল (সৌরবিদ্যুৎ), এরেটর সমূহ, এরেটর এর চারপাশে স্থাপিত নেট ও বাঁশের ফেনিং নৌকা, প্ল্যাটফর্ম, ভাসমান ম্যাট ইত্যাদির নিরাপত্তা বর্তমান জরুরী হয়ে পড়েছে। এছাড়াও এরেশন জোনসহ এর এর আশে-পাশের এলাকা/পরিবেশ পরিস্থিতি অর্থাৎ সারুলিয়া বাজার হতে মুধাবাড়ী পর্যন্ত বিস্তৃত ৪.৮ কিঃমিঃ দীর্ঘ ডিএনডি খালের পরিবেশ পরিস্থিতি সার্বক্ষণিক মনিটরিং বা পর্যবেক্ষণ করার জন্য IP Camera স্থাপন করা জরুরী প্রয়োজন। যাতে করে বহিরাগত সকলকে ডিএনডি খালের ভিতরে অবৈধ প্রবেশ, মাছ ধরা, গোসল করা, প্রসাব করা, অবৈধ স্থাপনা নির্মাণ করা, ময়লা-আবর্জনা ফেলা ইত্যাদি থেকে বিরত রাখা এবং প্রয়োজনে বাধা দেয়া। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, ডিএনডি খালের কান্দি সাইডের এলাকাবাসী দেয়ালের উপর দিয়ে ময়লা-আবর্জনা, পচা বর্জ্য, তাদের দৈনন্দিন জীবনের ব্যবহৃত দ্রব্যের অপ্রয়োজনীয় অংশ যেমন পলিথিন, কাগজ, ডাবের খোসা, ছেড়া জুতা, ককশীট উন্মুক্ত ডিএনডি খালের ভিতরে ফেলে দেয়। খালের উপর ৫ টি ব্রিজ, ৩ টি কালভার্ট ও এলাকা কেন্দ্রিক বাজার থাকায় এ সব স্থানে লোকজন ময়লা-আবর্জনা, মরা প্রাণী, জবাই করা পশু-পাখির নাড়ি-ভুড়ি, হাড় ইত্যাদি খালে ফেলানোর সুযোগ পায়। তাছাড়া ডিএনডি খালের পাশেই গড়ে উঠা শিল্প-কারখানা, প্লাস্টিক, রাবার, জুতা, পাইপ প্রভৃতি শিল্প বর্জ্য খালে ফেলা হচ্ছে ফলে পানির গুণগত মান ক্রমান্বয়ে কমে যাচ্ছে। উপরোক্ত বিষয় গুলোর কথা বিবেচনা করে ০৪ (চার)টি এরেশন জোনসহ সারুলিয়া বাজার হতে মুধাবাড়ী পর্যন্ত বিস্তৃত ৪.৮ কিঃমিঃ ডিএনডি খালের নিরাপত্তার স্বার্থে আইপি ক্যামেরা স্থাপন করা জরুরী প্রয়োজন। আইপি ক্যামেরা স্থাপন করা হলে সায়েদাবাদ পানি শোধনাগার হতে সার্বক্ষণিক সমস্ত কার্যক্রম পর্যবেক্ষণ করা যাবে এবং ডিএনডি খালের ব্যাপারে যেকোন সিদ্ধান্ত সহজেই গ্রহণ করা যাবে। এবং ক্যামেরা স্থাপন করা হলে এরেশন জোন গুলোর কার্যক্রম সহজেই মনিটরিং করা সহজ হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৫/৯/২৪ ৫:৩৭ অপরাহ্ন

আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্য পূর্বের অনুমোদিত দর এবং PWD রেট সিডিউলের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৯,৯৭,৭৬০.১৩১ (নয় লক্ষ সাতানব্বই হাজার সাতশত ষাট দশমিক এক তিন এক) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের Water and sewage Treatment plant (O & M) কোড নং-০১-০৪-০১১ খাত হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৫/৯/২৪ ৫:৩৯ অপরাহ্ন

২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৪৯ এবং প্যাকেজ নং-G-12 তে অন্তর্ভুক্ত রয়েছে। সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে এ ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান ও সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG-2 অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

সংযুক্তিসমূহ (৫):

১। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

২। ডিএনডি ক্যানালের লে-আউটের কপি।

- ৩। পূর্বের অনুমোদিত দরের কপি।
 ৪। টেকনিক্যাল স্পেসিফিকেশন।
 ৫। আলোচ্য সরবরাহ কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৫/৯/২৪ ৫:৪০ অপরাহ্ন





এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Supply of IP Camera for remote monitoring of DND canal area শীর্ষক সরবরাহ কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-১ এর ৬১ (১) ধারা অনুযায়ী ই-জিপি পোর্টাল এর মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এ দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৯,৯৭,৭৬০.১৩১ (নয় লক্ষ সাতানব্বই হাজার সাতশত ষাট দশমিক এক তিন এক) টাকা মাত্র এর অনুমোদন।




গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের Water and sewage Treatment plant (O & M) কোড নং-০১-০৪-০১১ খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
১৬/৯/২৪ ১০:১১ পূর্বাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৬/৯/২৪ ১১:২৫ অপরাহ্ন মোঃ শফিউল আলম সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৭/৯/২৪ ১২:২৮ পূর্বাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৭/৯/২৪ ১২:২৮ পূর্বাহ্ন মিজান গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৭/৯/২৪ ৬:৫৯ পূর্বাহ্ন

Approved.

			
১৭/৯/২৪ ৬:৫৯ পূর্বাহ্ন মিজান গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	১৭/৯/২৪ ৯:০৫ পূর্বাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৮/৯/২৪ ১২:৫৪ অপরাহ্ন মোঃ শফিউল আলম সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৮/৯/২৪ ১২:৫৪ অপরাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)